আলমডাঙ্গায় আলোর দিশারী সেবা সংস্থার প্রণোদনা প্রদান

আলমডাঙ্গায় আলোর দিশারী সেবা সংস্থার উদ্যোগে দুস্থ ও অসহায় পরিবারের মধ্যে প্রণোদনা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার উপজেলার দেঘলডাঙ্গা গ্রামের অসহায় পরিবারের মাঝে ওই প্রণোদনা বিতরণ করা হয়।

আলোর দিশারী সেবা সংস্থার সভাপতি ডাক্তার নাসির উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চাল, ডাল, তেল বিতরণ করেন ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের সচিব তোফাজ্জেল হোসেন সেন্টু।

এ সময় আরো উপস্থিত ছিলেন সদস্য শহিদুল ইসলাম , আলমঙ্গীর , বিপুল আহম্মেদ, খলিলুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় প্রতিবেশীর আঘাতে আহত এক

আলমডাঙ্গায় এক যুবককে রড দিয়ে পিটিয়ে মারাক্তক জখম করেছে প্রতিবেশী দুই যুবক। গতকাল বিকালে তার বাড়ির সামনে এই পিটানোর ঘটনা ঘটে। গুরুতর জখম অবস্থায় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়।

আহত যুবক খাত্তাপ আলমডাঙ্গার নিমতলা গ্রামের মৃত আমিরুল ইসলামের ছেলে।

জানা গেছে, শনিবার বিকাল ৪ টার দিকে খাত্তাপ নিজ বাড়ির সামনে দাঁড়িয়ে থাকা অবস্থায় তার প্রতিবেশী একই গ্রামের তাজুল ইসলামের ছেলে শামিম (৩০) ও বিপুল (২৫) দেশীয় ধাঁরালো অস্ত্র দিয়ে হামলা চালিয়ে রক্তাক্ত জখম করে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বিকাল ৪ টার সময় নিমতলার মৃত আমিরুলের বড় ছেলে খাত্তাপ নতিডাঙ্গা বাজার থেকে বাজার করে বাড়িতে আসে। বাজার বাড়িতে রেখে রাস্তায় বের হলে শামিম ও বিপুল রামদা ও লোহার রড দিয়ে অতর্কিত হামলা চালিয়ে মারাত্বক আহত করে খাত্তাপকে। স্থানীয়রা এগিয়ে গেলে তারা খাত্তাপকে ফেলে পালিয়ে যায়। আহত খাত্তাপকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।

স্থানীয় সূত্রে আরো জানা গেছে, তাজুল ইসলাম ফুলবগাদি গ্রাম থেকে ১০ বছর আগে নিমতলায় এসে বসবাস শুরু করে। শুরু থেকেই প্রতিবেশীদের সাথে বনাবনী হয় না। তিনি বিভিন্ন সময়ে প্রতিবেশীদের মামলা দিয়ে হয়রানি করে নিজের প্রভাব বিস্তার করতে থাকে। দিনে দিনে তাজুলের ছেলে শামিমের অত্যাচারে প্রতিবেশীরা অতিষ্ঠ হয়ে পড়ে। গত বছর নিমতলার কপিল উদ্দিনকে বেদম মারপিট করে তুচ্ছ ঘটনা নিয়ে। তার বিরুদ্ধে বিস্তর অভিযোগ রয়েছে।

অভিযোগের ব্যাপারে শামিমের সাথে কথা বলতে চাইলে সে সাংবাদিকের সাথে কথা বলতে অস্বীকৃতি জানিয়ে বাড়ির দরজা বন্ধ করে দেয়।

মুজিবনগরে বিদুৎস্পৃষ্ট হয়ে কলেজ শিক্ষার্থীর মৃত্যু

মেহেরপুরের মুজিবনগরে বিদুৎস্পৃষ্ট হয়ে তুহিন (২৩) নামে এক কলেজ শিক্ষার্থীর মৃত্যু হয়েছে।

রবিবার সকালে উপজেলার বাগোয়ান ইউনিয়নের মানিকনগর গ্রামে এ ঘটনা ঘটে।

মৃত তুহিন মানিকনগর গ্রামের আব্দুল জাব্বারের একমাত্র ছেলে এবং মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের স্নাতক শ্রেণীর ছাত্র।

স্থানীয়রা জানান, তুহিন কর্মঠ একজন ছেলে, লেখাপড়ার পাশাপাশি সে দিন মজুরির কাজ করতো।

রবিবার সকালে জমিতে গোবর সার দেওয়ার জন্য সার গর্তে গবর সার তুলে পাওয়ার ট্রলিতে বোঝায় করার সময় উপর দিয়ে যাওয়া বিদুৎ এর সাইড লাইনের টানা তার মাটিতে পড়ে গেলে তারটি সরাতে যায়।

এমন সময় তারে হাত লেগে সে বিদুৎপৃষ্ট হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে কোটচাঁদপুরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় ম্যাচে ঝিনাইদহ বি একাদশের বিপক্ষে ২-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে কোটচাঁদপুর ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন কোটচাঁদপুর ফুটবল একাদশের অধিনায়ক আনোয়ার হোসাইন। খেলায় দুটি গোলই করেন কোটচাঁদপুর একাদশের ১০ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় সাকিম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কালীগঞ্জে মাদরাসায় বই বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জে শোয়াইবনগর কামিল মাদ্রাসার লাইব্রেরির জন্য কিতাব প্রদান করা হয়েছে।

সরাকারী বাংলা কলেজের সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড.শাহেনার বেগম এর উদ্দোগে এ সকল বই প্রদান করা হয়।

বই প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ – ৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মাদ্রাসার প্রতিষ্ঠাতা সুপার মওলানা মোমেনত, সলিমুন্নেছা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং অত্র মাদ্রাসার অধ্যক্ষ, শিক্ষক মন্ডলী।

প্রধান অতিথির বক্তব্যে আনোয়ারুল আজীম আনার বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। সকলকে ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক শিক্ষায় শিক্ষিত হওয়ার জন্য বিশেষ ভাবে বলেন।

উল্লেখ্য ইতোপূর্বে ড. শাহেনারা বেগম কালীগঞ্জের বিভিন্ন মাদ্রাসায় বিভিন্ন দেশ থেকে সংগ্রহ করা ইসলামী গবেষণা কিতাব বিতরণ করেন।

জীবননগর সীমান্তে প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন

জীবননগরে সীমান্ত প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার বেলা ১২টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিপুর গ্রামে এ প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দীন ময়েনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাজী আঃ মালেক

মোল্লা, জীবননগর ডিগ্রী কলেজের প্রভাষক মতিয়ার রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক আতাউর রহমান রাসেল, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু,

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর শুকুর ,আওয়ামী লীগ নেতা রফিকুল ইসলাম পচা, আজিজুর রহমান, সীমান্ত ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়রাম্যান আব্দুল কাদের, ইউপি সদস্য ইমাদ আলী, আঃ সালাম, আয়ুব আলী, সাবেক শিক্ষক শওকত আলী, মুসলেহ উদ্দিন, নাজমুল আরেফিন, সোহেল রানা, সাদিয়া সুলতানা প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন মাওলানা আনিসুর রহমান।

কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়েছে এবং একই সাথে কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির ৬ষ্ট প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সকালে সমিতির অফিস কক্ষে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার কেক কেটে দিবসটির সূচনা করেন।

দিবসটি উপলক্ষে স্বাস্থ্য বিধি মেনে সমিতির অফিস কক্ষে আয়োজিত অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী। কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির সাধারণ সম্পাদক গোলাম রসুলের সভাপতিত্বে উক্ত অনুষ্টানে আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ ক্রীড়া ফেডারেশনের সভাপতি বাবু অজিৎ কুমার ভট্টাচার্য, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস,

সাংবাদিক সোহেল আহম্মেদ, জামির হোসেন, আশিকুর রহমান সোহাগ, রিয়াজ মোল্লা, সমাজসেবক আব্দুল মতিন পাতা মিয়া ও ইফনুচ আলীসহ কালীগঞ্জ রিপ্রেজেন্টেটিভ এ্যাসোসিয়েশন (ফারিয়ার) সদস্যবৃদ।

কুষ্টিয়ায় মাস্ক না পরায় জেল ও জরিমানা

কুষ্টিয়ায় মাস্ক না পরায় মোঃ নিয়ামত ওরফে নিমাই (৫০) নামের এক ফল ব্যবসায়ীকে কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমান আদালত। একই সাথে আরও ১১ জনকে জরিমানা করা হয়।

শনিবার সকাল থেকে বিকাল পর্যন্ত এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন কুষ্টিয়ার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিজু তামান্না।

এ সময় তিনি বলেন, মাস্ক পরে বাড়ির বাইরে বের হওয়া নিশ্চিত করতে কুষ্টিয়া জেলা প্রশাসন কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে। শনিবার শহরতলীর মঙ্গলবাড়ীয়া বাজারের এক ফল ব্যবসায়ীর মাস্ক ব্যবহার না করায় মোঃ নিয়ামত ওরফে নিমাই (৫০) নামের এক ব্যক্তিকে সংক্রামক রোগ প্রতিরোধ-নিয়ন্ত্রণ-নির্মূল আইন ২০১৮ ধারা মোতাবেক দুইদিনের কারাদণ্ড দেওয়া হয়।

এছাড়া একই আইনে আরও ১১জনকে বিভিন্ন অংকে মোট ৩ হাজার ৬শ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়।

কুষ্টিয়া জেলা প্রশাসনের উদ্যোগে প্রায় দিনই জেলা শহর ছাড়াও বিভিন্ন উপজেলায় ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করছেন। করোনাভাইরাসের দ্বিতীয় পর্যায়ের সংক্রমণ প্রতিহত করতে এমন ব্যবস্থা নেয়া হয়েছে। এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় হযরত আলী (র:) কে

অবমাননা: যুবক গ্রেফতার

কুষ্টিয়ার দৌলতপুরে হযরত আলী (রঃ) কে নিয়ে ফেসবুকে অশালীন পোস্ট দেয়ায় জীবন ওয়াহিদ নামে এক যুবককে গ্রেফতার করেছে দৌলতপুর থানা পুলিশ।

শনিবার (১৪ নভেম্বর) দুপুরে উপজেলার পিয়ারপুর ইউনিয়নের শেরপুর এলাকা থেকে তাকে আটক করা হয়।

সে শেরপুর গ্রামের মৃত তরিকুল ইসলামের ছেলে।

জানা যায়, শনিবার (১৪ নভেম্বর) বেলা ১২ টার দিকে শেরপুর জোড়া মসজিদ এলাকায় জীবন ওয়াহিদ ওরফে জীবন হযরত আলী (র:) সম্পর্কে অশালীন ও কুরুচিপূর্ণ পোস্ট দিয়ে স্থানীয় মুসল্লিদের তা দেখান। এতে স্থানীয় মুসল্লিগণ তীব্র ক্ষোভ প্রকাশ করেন এবং জীবন ওয়াহিদকে ধরে পুলিশে খবর দিলে পুলিশ তাকে আটক করে জেল হাজতে প্রেরণ করে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহুরুল আলম জানান, ধর্মীয় অনুভূতিতে আঘাত করা ও এ নিয়ে অস্থিতিশীল পরিবেশ তৈরি চেষ্টার দায়ে জীবন ওয়াহিদের নামে মামলা হয়েছে।

ঢেঁড়স চাষে স্বচ্ছলতা এসেছে সোহেলের

ঢেঁড়স চাষ করে বেকারত্ব ঘুঁচিয়েছেন শিক্ষিত যুবক সোহেল রানা। বেকারত্বের অভিশাপ থেকে তিনি এখন মুক্ত।

সোহেল রানা কুষ্টিয়ার মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের গৌড়দহ এলাকার মীর আবুল কাশেমের ছেলে।

স্বল্প সময় ও অল্প খরচে বেশি লাভ হওয়ায় আরও অনেকেই ঢেঁড়স চাষে উদ্বুদ্ধ হচ্ছে।

শুক্রবার (১৩ নভেম্বর) সরেজমিনে দেখা যায়, সে নিজেই মাঠে ঢেঁড়স উত্তোলন করছে। আলাপকালে সোহেল জানান, ২০১৪ সালে মাস্টার্স সম্পন্ন করার পর গাজীপুরে হেলথ কেয়ারে চাকরি করতেন। পরে তার বাবা অসুস্থ হওয়ায় ২০১৭ সালে চাকরি ছেড়ে চলে আসেন। এরপর আর ভালো কোন চাকরি না পাওয়ায় বাড়ীর পাশে অন্যের জমি লিজ নিয়ে শুরু করেন ফলজ বাগান ও সবজি চাষ। তিনি এক বিঘা পেয়ারা বাগানের পাশাপাশি আরও এক বিঘা জমি লিজ নিয়ে শুরু করেন ঢেঁড়সের চাষ। স্বল্প সময়ে এই ঢেড়শ চাষ করে বেশ লাভবানও হয়েছেন তিনি।

তিনি বলেন, এখানকার মাটি বেশ উর্বর থাকায় তার উৎপাদন খরচও অনেক কম হয়েছে। তার এক বিঘা জমিতে ঢেঁড়স চাষ করতে ৭-৮ হাজার টাকা খরচ হয়েছে। ইতোমধ্যেই ৫০ হাজার টাকার বিক্রি করেছেন। একদিন পরপর মাঠ থেকে ঢেঁড়স উত্তোলন করতে হয়। এতে তেমন কোন শ্রমিক (লেবার) দরকার হয় না। মাঠ থেকেই পাইকারী ব্যবসায়ীরা এসে কিনে নিয়ে যায়।

তিনি বলেন, ‘আমি উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরামর্শক্রমে বারি উদ্ভাবিত ‘বারি ঢেঁড়স-১’ জাতের ঢেঁড়সের চাষ করেছি। বাজারে ঢেঁড়সের দাম ভালো থাকায় বেশ লাভবানও হয়েছি। আর এ বছর ঢেঁড়সের পোকা-মাকড়ের তেমন আক্রমণও কম থাকার ফলে খরচও কম হয়েছে।’

বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাইদুর রহমান বলেন, শিক্ষিত সোহেল রানা আমাদের আইডল। তার মতো শিক্ষিতদের এই কৃষি সেক্টরে আরো এগিয়ে আসা উচিৎ।

এ ব্যপারে মিরপুর উপজেলা কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষ বলেন, ‘এ বছর আবহাওয়া অনুকূলে থাকার কারণে ঢেঁড়সে পোকা-মাকড়ের আক্রমণ কম হয়েছে। আর ঢেঁড়সের বিভিন্ন জাতের মধ্যে ‘বারি ঢেঁড়স-১’ এর ফলন ভালো। এটা চাষ করা লাভজনক।’ তবে তার মতো শিক্ষিত অনেক যুবকরাই এগিয়ে আসছে। আমরা কৃষি অফিস তাদের বিভিন্ন পরামর্শ ও সহযোগীতা করবো।